# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
### গুরুদাসপুর, নাটোর।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটি'র সভার কার্যবিবরণীঃ
সভাপতিঃ মোঃ আলাল শেখ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর ।
সভার তারিখঃ ০৭/০৯/২০২৩খ্রিঃ, সময়ঃ দুপুর ১২.০০ ঘটিকা
অধিবেশন নম্বরঃ ০২।
সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর মহোদয়ের অফিস কক্ষ।
উপস্থিত সদস্যদের হাজিরাঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ আলাল শেখ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর মহোদয়ের সভাপতিত্বে পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভার কর্যক্রম শুরু করা হয়। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মহোদয়কে আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা করার জন্য অনুরোধ করা হয়।

**আলোচ্য সূচি ০১ঃ** বিগত অধিবেশনের সিদ্ধান্ত সমূহ পাঠ ও অনুমোদন।

সভায় বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও পাঠ করে শুনানো হয়, কার্যবিবরণীর উপর সভায় বিস্তারিত আলোচনা হয় এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা সভায় সর্বস্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়।

**আলোচ্য সূচি ০২ঃ** পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
আলোচ্য বিষয়ের প্রেক্ষিতে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব মোঃ জিয়াউর রহমান সভায় জানান যে, পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ভালোভাবে চলছে, অত্র দপ্তরের আওতায় ০৬টি কর্মসূচিতে প্রায় ৩(তিন) কোটি ঋণ কার্যক্রম চলমান। মোট সদস্য সংখ্যা ৫০০০জন, গরু মোটাতাজা করন, রসুন চাষ, ধান চাষ, ক্ষুদ্র ব্যবসা ইত্যদি কর্মকান্ডে ১০০০জন সদস্যকে ঋণ সহায়তা প্রদান করা হয়েছে । অত্র দপ্তর হতে ২৭ জন পল্লী উদ্যোক্তাকে ৩১ লক্ষ টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়াও পল্লী জীবিকায়ন প্রকল্প হতে পল্লী উদ্যোক্তা এবং ক্ষুদ্র ঋণ কার্যক্রম অব্যাহত রয়েছে। অত্র বিভাগের সেবা গ্রহন করে সুবিধাভোগীগণরে অর্থসামাজিক অবস্থায়র উন্নয়ন হচ্ছে। উক্ত বিষয়ে সভায় আলোচনা ও পর্যালোচনা করা হয়। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মহোদয় উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদে ও সার্বিক সহায়তা কামনা করেন।

**আলোচ্য সূচি ০২ঃ** মেয়াদত্তীর্ণ খেলাপি ঋণ আদায় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
আলোচ্য বিষয়ের প্রেক্ষিতে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব মোঃ জিয়াউর রহমান সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালোভাবে চলছে, অত্র দপ্তরের আওতায় ০৬টি কর্মসূচিতে প্রায় ৩(তিন) কোটি ঋণ কার্যক্রম চলমান। ০১টি কর্মসূচিতে ৪.৯০ লক্ষ টাকা খেলাপি ঋণ রয়েছে। অত্র দপ্তরের কর্মকর্তা/কর্মচারী খেলাপি ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রেখেছে। উপজেলা প্রশাসন এবং উপজেলা পরিষদের সহায়তা পেলে খেলাপি ঋণ আদায় সহজ হবে। উক্ত বিষয়ে সভায় আলোচনা ও পর্যালোচনা করা হয় এবং উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদ সহায়তা করার প্রতিশ্রুতি প্রদান করেন। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মহোদয়কে উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদে সহায়তা গ্রহন করতঃ খেলাপি ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।

**আলোচ্য সূচি ০৩ঃ** বাংলাদেশ বিনির্মানে সমবায় দপ্তরের সকল বিষয়ে আলোচনা, অডিট ও ভ্যাট এবং সমবায় উন্নয়ন তহবিল, ২০২২-২০২৩ অর্থ বছরের অডিট বরাদ্দ ও সম্পাদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

অদ্যকার সভায় উপজেলা সমবায় অফিসার, গুরুদাসপুর, নাটোর বলেন তাঁর দপ্তরের অধীনে নিম্নলিখিত কার্যক্রম অব্যাহত রয়েছে।

সিদ্ধান্ত গ্রহনঃ স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে ওয়েবপোর্টাল, অনলাইন রিটার্ণ ও ডি নথিসহ অফিসিয়াল সকল কার্যাদি ও তথ্যাদি প্রেরন করা হচ্ছে । এছাড়া ও সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লি: (সিভিডিপি) প্রকল্পের আওতায় এলাকার বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষনের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নতি ও স্বাবলম্বী হচ্ছে । বর্তমানে রংপুর ইউসেফ এ ২০ জন (মটর সাইকেল সার্ভিসিং) ও ২০ জন বেকার ও স্বামী পরিত্যক্তা মহিলাদের (সুইং মেশিন অপারেটর) হিসাবে প্রশিক্ষনে চলমান আছে । ২০২১-২২ অর্থ বছরে অডিটের ভিত্তিতে ধার্যকৃত প্রাথমিক সমবায় সমিতির অডিট ফি, ভ্যাট ও সমবায় উন্নয়ন তহবিল ধার্য মোতাবেক ১০০%আদায় ও পরিশোধ করা হয়েছে ।এছাড়া কেন্দ্রিয় সমবায় সমিতির ২০২১-২২ সালের অডিটের ভিত্তিতে ধার্যকৃত অডিট ফি, ভ্যাট ও সমবায় উন্নয়ন তহবিল যথাসময়ের মধ্যে ১০০% পরিশোধ করা হয়েছে ।

২০২২-২৩ অর্থ বছরে কেন্দ্রিয় ও প্রাথমিক মোট সমবায় সমিতির সংখ্যা ১১৯ টি । অডিট অফিসার ভিত্তিক জেলা সমবায় অফিসার, নাটোর মহোদয় অডিট বরাদ্দ প্রদান করে থাকেন ও যথা সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট বরাদ্দ সম্পাদন করার জন্য বলেন, সেই অনুযায়ী অডিট অফিসার ভিত্তিক অডিট এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট কার্যক্রম অব্যহত রয়েছে ।

বিবিধ ঃ বিবিধ আর কোন আলোচনা না থাকায় অদ্যকার সভার সভাপতি ও ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর মহোদয় উপস্থিত সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

মোঃ আলাল শেখ
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটি
ও
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গুরুদাসপুর,নাটোর।

পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত স্থায়ী কমিটির সভা

তারিখঃ ০৭-০৯-২০২৩খ্রিঃ সময়ঃ দুপুর ১২.০০ঘটিকা

স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর মহোদয়ের অফিস কক্ষ।

উপস্থিত সদস্যগণের পদবি ও স্বাক্ষর।

| ক্রঃনং | সদস্য | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান, ৬নং চাপিলা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর | সদস্য | |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার গুরুদাসপুর, নাটোর | সদস্য | |
| ০৪ | উপজেলা সমবায় অফিসার গুরুদাসপুর, নাটোর | সদস্য | |
| ০৫ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার গুরুদাসপুর, নাটোর | সদস্য সচিব | |